আজকের কাগজ

23

তারিখ 15 SEP 1993
পৃষ্ঠা ৪ কলাম ৭

## পাঠ্যবইয়ে ভুল

অত্যন্ত দুঃখের ও বিস্ময়ের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে, আমাদের পাঠ্যবইয়ে বেশ কিছু ভুল এবং অসংগতি রয়েছে। কোনটিকে সঠিক বলে মেনে নেবো এবং পরীক্ষায় লিখবো বুঝতে পারছি না। কয়েকটি উদাহরণ দিচ্ছি ঃ

১। আমাদের ৪র্থ শ্রেণীর সমাজ বইয়ের ৩৮ পৃষ্ঠায় ৫ নং প্রশ্নে বলা হয়েছে- সঠিক উত্তরটিতে টিক দাও ঃ হিন্দুদের একটি তীর্থস্থান (ক) মির্জাপুর, (খ) জগন্নাথপুর, (গ) মানিকগঞ্জ, (ঘ) গৌরীপুর। কিন্তু ৩৬ পৃষ্ঠায় লেখা হয়েছে ঃ লাঙ্গলবন্ধ হিন্দুদের একটি তীর্থস্থান। এখন আমরা উপরোক্ত ৪টি জবাবের কোনটিতে টিক চিহ্ন দেবো?

২। উক্ত সমাজ বাইয়ের ৬৫ পৃষ্ঠায়, ৬ নং প্রশ্নে সঠিক উত্তরটিতে টিক চিহ্ন দিতে বলে লেখা হয়েছে-সমতল ভূমিতে ঘর-বাড়িগুলো উঁচু জায়গায় করা হয় (ক) জন্তুর ভয়ে, (খ) বন্যার ভয়ে (গ) ঝড়ের ভয়ে (ঘ) ভূমিকম্পের ভয়ে। এ প্রশ্নের জবাব ৬২ পৃষ্ঠায় বলা হয়েছে 'বন্যার ভয়ে' এবং ৬৪ পৃষ্ঠায় বলা হয়েছে 'জন্তুর ভয়ে'। তাহলে দেখা যাচ্ছে দুটো জবাব সঠিক, আমরা এখন টিক চিহ্ন দেবো কোনটিতে?

৩। একই সমাজ বইয়ের ৫৩ পৃষ্ঠায় লেখা হয়েছে "চাখার শেরেবাংলার পৈত্রিক ভূমি"। কিন্তু শেরেবাংলার ভাতিজা এবং চাখার, ফজলুল হক কলেজের অধ্যক্ষ (অবঃ) এম এনায়েত করিম প্রণীত "শেরেবাংলার পূর্ব পুরুষ এবং বর্তমান চাখার" বইয়ে দেখা যায় যে, পটুয়াখালী জেলার বাউফল থানাধীন বিল বিলাস গ্রামে শেরেবাংলার পৈত্রিকভূমি। এ অবস্থায় আমরা শিখবো কি, আর লিখবোই বা কি?

৪। আমাদের "সোনামণি ফাংশনাল ইংলিশ" (৪র্থ শ্রেণী) বইয়ের ৮৪ পৃষ্ঠায় লেখা হয়েছে "শেরেবাংলা চাখারে জন্মগ্রহণ করেন"। আবার একই বইয়ের ৮৮ পৃষ্ঠায় লেখা হয়েছে " শেরেবাংলা বরিশালের সাতুরিয়ায় জন্মগ্রহণ করেন"। কিন্তু পূর্বে উল্লেখিত চাখার কলেজের অধ্যক্ষের বই অনুযায়ী শেরেবাংলা ঝালকাঠি জেলার রাজাপুর থানার সাতুরিয়া গ্রামে মাতুলালয়ে জন্মগ্রহণ করেন।

এতোসব ভুল-ভ্রান্তির মধ্যে আমরা শিখবো কি এবং পরীক্ষার খাতায় লিখবোই বা কি? আমাদের এ যন্ত্রণাদায়ক সমস্যার সমাধান কে দেবে?

*সাবিন/সুহাদ/তাহছিম*
*গভঃ ল্যাবরেটরী স্কুল, ঢাকা।*